**2020**

# BENGALI (Honours)

## Paper : 101 - BNGH - DC-1

## [বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)]

## (CBCS)

Full Marks : 32 Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

### বিভাগ - ক

১। 'চর্যাপদ' কার সম্পাদনায় কোথা থেকে প্রকাশিত হয় ? চর্যাপদের পদকর্তা কয়জন ? চর্যাপদের সাহিত্য মূল্য নিরূপণ করে বাংলা সাহিত্যের ইতিহাসে এর গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ১+১+৬=৮

অথবা

কাশীরাম দাসের আবির্ভাবকাল উল্লেখ করে চৈতন্যোত্তর অনুবাদের ধারায় তাঁর কবিকৃতির মূল্যায়ন করো। ৪+৪=৮

২। 'ধর্মমঙ্গল'কে রাঢ়ের জাতীয় কাব্য বলা হয় কেন? এই কাব্যধারায় একজন বিশিষ্ট কবির কাব্যকৃতির পরিচয় দাও। ৩+৫=৮

অথবা

সপ্তদশ অষ্টাদশ শতাব্দীর উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যের প্রধান দুজন কবির পরিচয় ও কাব্য রচনার বিবরণ দাও। ৪+৪=৮

## বিভাগ - খ

৩। গীতিকার সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। 'ময়মনসিংহ গীতিকা'র মধ্যে তা কতটা পাওয়া যায়? ২+২+৪=৮

**অথবা**

দৌলত কাজী ও আলাওল রচিত কাব্যগ্রন্থগুলির নাম লেখো। এই কাব্যগ্রন্থগুলির সূত্রে কবিদ্বয়ের রচনা বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ৮

৪। রবীন্দ্রনাথ কবিগানের জন্মলগ্নটিকে কীভাবে পরিচায়িত করেছেন ? কবি সজনীকান্ত দাস কবিগানের সংজ্ঞা ও রচনা বৈচিত্র্যের কথা বলতে গিয়ে কী বলেছেন? নিধুবাবুর 'টপ্পা' ও দাশরথি রায়ের 'পাঁচালী' সম্পর্কে সংক্ষেপে লেখো। ১+১+৩+৩=৮

**অথবা**

শাক্ত পদকর্তা রামপ্রসাদ সেনের কবি প্রতিভার মূল্যায়ন করো। ৮

---

2020

# BENGALI (Honours)

## Paper : 102 - BNGH - DC-2

**[ভাষাতত্ত্ব]**

**(CBCS)**

Full Marks : 32 Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। প্রাচীন বাংলার কালসীমা উল্লেখ করে এই পর্বের ভাষার লক্ষণগুলি উদাহরণসহ আলোচনা করো। এই ভাষার উদাহরণ কোথায় পাওয়া যায় ? ৮

**অথবা**

নব্যভারতীয় আর্য ভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

২। স্বরধ্বনি কাকে বলে ? বাংলা স্বরধ্বনি কয়টি এবং কী কী ? উচ্চারণ অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলির শ্রেণিবিভাগ করো। ৮

**অথবা**

ব্যঞ্জনধ্বনি কাকে বলে? ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ কীভাবে করা হয়ে থাকে? উচ্চারণের স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিন্যাস করো। ৪+৪=৮

৩। শব্দের অর্থপরিবর্তনের কারণ কী ? শব্দের অর্থ পরিবর্তনের প্রধান প্রধান ধারাগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ৮

**অথবা**

বাংলা শব্দ ভাণ্ডারের বিদেশী উপাদান সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

৪। (ক) টীকা লেখো (যে কোনো **দুটি**) : ৪

স্বরসংগতি, জোড়কলম শব্দ, অর্ধ তৎসম শব্দ, সমাক্ষর লোপ

(খ) ব্যুৎপত্তি নির্ণয় করো (যে কোনো **চারটি**) : ৪

আইবুড়ো, বাছুর, গোঁসাই, দেউটি, গিন্নী, বোঁচকা।

---